



নতুন ধরনের সময়

আমাদের সময়

আমাদের সময়, ০২-১০-২০২২, অনলাইন

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে স্থায়ী সামাজিক-মানসিক সেবা কেন্দ্র



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে সামাজিক-মানসিক পরামর্শ কেন্দ্রের উদ্বোধন। ছবি: আমাদের সময়

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি একটি স্থায়ী সামাজিক-মানসিক পরামর্শ কেন্দ্রের উদ্বোধন করেছে। আজ রোববার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এম.এম. শহীদুল হাসান এই সেবা কেন্দ্রটির উদ্বোধন করেন।

এ সময় উপ উপাচার্য প্রফেসর ড. মোহাম্মাদ জিয়াউল হক মামুনসহ বিশ্ববিদ্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তা ও বিভিন্ন বিভাগের প্রধানগণ উপস্থিত ছিলেন।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মনে করেন বর্তমান সময়ে শিক্ষার্থীরা নেতিবাচক চিন্তা, খারাপ আচরণ, আর্থিক সঙ্কট, পাশাপাশি শিক্ষাগত চাপ, সমর্থনের অভাব, দুর্বল যোগাযোগ দক্ষতা, সম্পর্কের সংকট, বিচ্ছেদ, বৈষম্য, বেসরকারি বিশ্ববিদ্যালয়ে পড়ার হীনমন্যতা ইত্যাদি নানান এ ধরনের মানসিক চাপের ভেতর দিয়ে যাচ্ছে।

সামাজিক-মানসিক সেবা কেন্দ্র তাদের নেতিবাচক চিন্তাভাবনা দূর করতে এবং ভারসাম্যপূর্ণ জীবনযাপনের জন্য নতুন কৌশল গ্রহণ করতে সহায়তা করবে। এ ছাড়া উদ্বেগ, বিষণ্ণতা, রাগ, চাপ এবং অন্যান্য মানসিক স্বাস্থ্যের অবস্থা বুঝে সঠিক পদক্ষেপ নিতে সহায়তা করবে। পাশাপাশি তাদের আত্মবিশ্বাস বাড়াবে এবং সামাজিক ভীতি দূর করবে। শেষ পর্যন্ত এটি তাদের ব্যক্তিগত এবং একাডেমিক উভয় ক্ষেত্রেই কার্যকরী সিদ্ধান্ত নিতে সাহায্য করবে বলে মনে করছেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।